[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সোমবার সকাল ১০টার দিকে এ উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ উৎসবে শ্রেণি ভিত্তিক পৃথক স্টলে পিঠার ডালি সাজায় ছাত্রীরা। ভাপা, পাটিসাপটা, পাকান, দুধপুলি, দুধসর, সরু, কুলি ও চিতই পিঠা প্রদর্শন করে। প্রচলিত এসব পিঠার পাশাপাশি বিভিন্ন প্রকার ফুল, পাখি, মাছ, ঝিনুক সদৃশ্য পিঠা তৈরী করে উপস্থিত সকলের নজর কাড়ে। শতাধিক প্রকার পিঠা প্রদর্শন করেন ছাত্রীরা।

আয়োজন নিয়ে উচ্ছসিত ছিলেন অংশগ্রহণকারীরা। নবম শ্রেনীর ছাত্রী আয়েশা ও দিপা বলেন, বাড়িতে মায়েরদের কাছ থেকে আমরা পিঠা তৈরী শিখেছি। বিদ্যালয়ে পিঠা নিয়ে এসে একসাথে সকলে খাওয়ার মজাই আলাদা।

প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু বলেন, এর মধ্য দিয়ে ছাত্রীরা যেমনি পিঠা তৈরী শিখবে তেমনি ঐতিহ্যবাহী শীতের পিঠা সবার মাঝে ছড়িয়ে যাবে।

শীতের পিঠা উৎসব নিয়ে সন্তোষ প্রকাশ করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। স্টল ঘুরে দেখার সময় ছাত্রীরা তাকে পিঠা দিয়ে আপ্যায়ন করেন।
এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ ধরনের আয়োজন প্রতি বছরই করা দরকার। গ্রাম বাংলার ঐতিহ্য ধরে রাখতে পিঠা উৎসব গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

মেপ্র/ইএম

গাংনীতে অটো চালককে শারিরীক লাঞ্চিত করায় প্রতিবাদ সভা

মেহেরপুরের গাংনীর প্রধান সড়কসহ বিভিন্ন সড়কে অবাধে চলাচল ও অটো চালকদের হরহামেশায় শারিরীক লাঞ্চিত করার প্রতিবাদে গাংনীতে

প্রতিবাদ সভা করেছে পাখিভ্যান চালক ও অটো ভ্যান চালক শ্রমিকরা।

সোমবার বেলা ১২ টার সময় গাংনী উপজেলার ভাটপাড়া ফুটবল মাঠে একত্রিত হয়ে প্রতিবাদ সভা করে তারা।

এসময় মেহেরপুর জেলা অটোভ্যান চালক সমিতির সাধারণ সম্পাদক মফলেউর রহমান মিন্টু, সাংগঠনিক সম্পাদক বেল্লাল হোসেন,গাংনী উপজেলা অফিসের সলাইন সম্পাদক আলতাবে হাসেন,গাড়াবাড়িয়া শাখার,সভাপতি মোঃ শাহী,উজলপুর শাখা অফিসের সভাপতি রিপন আলী সালাউদ্দীন,উজ্জল হোসেন এসময় বক্তব্য রাখেন।

গতকাল দুপুরে গাংনী কাথুলী সড়কের ধালা বাজারে উজ্জল হোসেন নামের এক অটোচালক কে মারধরের ঘটনা ঘটে তার সুত্রধরেই এ প্রতিবাদ সভা করে অটো চালকরা।

এসময় বক্তরা অটোভ্যান শ্রমিক নেতারা বলেন বিভিন্ন এলকার গরিব দুস্থ্য মানুষ অটো ভ্যান বা পাখিভ্যান চালিয়ে দু’পয়সা উপার্জন করে জীবন জীবীকা নির্বাহ করছেন। কারো সন্তানকে লেখাপড়া করাচ্ছেন আবার কেউ তারে পরিবারের দায়িত্ব পালন করছেন। অনেকেই আছেন যারা একেবারেই নিম্ন বিত্ত পরিবারের শিক্ষিত মানুষ। পেটের তাগিদে আজ কোন পেশায় না যেতে পেরে বিভিন্ন এনজিও থেকে লোন নিয়ে অটোভ্যান কিনে চালাচ্ছেন। তাদের চলাচল করতে না দিলে সকলে অনাহারে থাকবে। তাই তাদের লাঞ্চিত বা নির্যাতন করা চলবেনা।

বক্তারা আরো বলেন, বাস মালিক সমিতির লোকজন আমাদের রাস্তায় নামতে দেখে জ্বলে ওঠেন। তারা এবার থেকে কোন অটো চালক বা পাখি ভ্যান চালককে কিছু বল্লে আমরাও মাঠে নেমে তার পতিবাদ করবো। প্রতিবাদ সভায় এলাকার কয়েকশ অটোভ্যান চালকরা উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

মেহেরপুর প্রতিদিন’কে

বঙ্গবন্ধুর ছবি উপহার দিলেন চারু তারিন

মেহেরপুরের চারু শিল্পী তারিন সুলতানা তার নিজের আঁকা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান’র ছবি উপহার দিলেন ‘মেহেরপুর প্রতিদিন’ কে। গতকাল রবিবার সন্ধায় ‘মেহেরপুর প্রতিদিন’ অফিসে তার আঁকা ছবি উপহার হিসেবে তুলেদেন ‘মেহেরপুর প্রতিদিন’ এর সম্পাদক ইয়াদুল মোমিনের হাতে।
এ সময় প্রকাশক এম.এ.এস ইমন মুক্ত কথার উপস্থাপক সাংবাদিক মাহবুব চান্দু উপস্থিত ছিলেন।

তারিন সুলতানা জানান, আমি বঙ্গবন্ধুর একশটি ছবি এঁকেছি। এ জন্য সময় লেগেছে এক বছর। বঙ্গবন্ধু ছবি গুলো আমি প্রধান মন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দিতে চায়।

এ সময় সম্পাদক ইয়াদুল মোমিন তারিন সুলতানার আঁকা ছবি দেখে ভুয়সী প্রসংশা করেন এবং তার লক্ষ্যে অবিচল থাকার আহবান জানান।

গাংনীতে পৌর মেয়রের স্বেচ্ছাচারিতা ও দূর্নীতির বিরুদ্ধে মানববন্ধন

মেহেরপুরের গাংনীর পৌর মেয়র আশরাফুল ইসলামের অনিয়ম দূর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগ তুলে মানববন্ধন করেছে কাউন্সিলররা। গতকাল রবিবার দপুর ১২ টায় সময় গাংনী বাজার বাসষ্ট্যান্ডে পৌর কাউন্সিলর ও পৌরবাসির আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মেয়র আশরাফুল ইসলামের বিরুদ্ধে অনিয়ম ও দূর্নীতির অভিযোগ তুলে কাউন্সিলর নবীর উদ্দীন বলেন, বদরুল আলম, আছেল উদ্দীন, বাবুল আক্তার বলেন, ৫’শ টাকার পৌর কর ৫ হাজার টাকা নির্ধারণ করেছে, নিয়োগ বানিজ্য, জমি দখল, রাজস্ব তহবিল লুটপাট, ভুয়া বিল ভাউচার

দিয়ে জনগনের টাকা লুটপাট করছে।

এছাড়া গাংনী পশু হাটে ঘর নির্মাণের নামে প্রায় ৬০ লক্ষ টাকা আত্মসাত করেছে। তাছাড়াও হাটবোয়ালিয়া-মালসাদহ রোডে পানি নিষ্কাশনের ড্রেন করার নামে প্রায় ৩৫ লক্ষ টাকার বিল দেখিয়ে তা সে নিজের পকেটস্থ করার মাধ্যমে আত্মসাত করে। তার অনিয়মের প্রতিবাদ করতে গেলেই প্রাণ নাশের হুমকি দেয়।
মানববন্ধনে ২ নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান, ৪নং ওয়ার্ড কাউন্সিলর আছেল উদ্দিন, ৫ নং ওয়ার্ড কাউন্সিলর বাবুল আকতার, ৬ নং ওয়ার্ড কাউন্সিলর নবিরউদ্দিন, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর বদরুল আলম বুদু, ৮নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলাম, ৯নং ওয়ার্ড কাউন্সিলর ইনামুল হক ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর ফিরোজা বেগম ছাড়াও স্থানীয় আরও অনেক ভুক্তোভোগি পৌর মেয়র আশরাফুল ইসলামের বিরুদ্ধে বক্তব্য রাখেন।

গাংনীতে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় শিশু নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার ইকুড়িয়া গ্রামে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় জেবা নামের ৮ বছরের শিশু নিহত হয়েছে। সোমবার পৌনে ১২টার দিকে গাংনী – হাটবোয়ালিয়া সড়কের ইকুড়িয়া নামক স্থানে এ দূর্ঘটনার ঘটনা ঘটে। নিহত জেবা ইকুড়িয়া গ্রামের জসিম উদ্দিনের মেয়ে।

স্থানীয়রা জানান, মোটরসাইকেল চালক চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কেশবপুর গ্রামের খেদ আলি মন্ডলের ছেলে। সে বাজাজ প্লাটিনা মোটরসাইকেলে (কুষ্টিয়া-হ- ১৪-৮৬৯১) বেপরোয়া গতিতে হাটবোয়ালিয়ার দিক থেকে গাংনীর দিকে যাচ্ছিল। ইকুড়িয়া নামক স্থানে পৌছলে সে শিশুটিকে ধাক্কা দেয়।

এতে শিশুটি রাস্তায় লুটিয়ে পড়ে। পরে স্থানীয়রা শিশুটিক গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত ডাক্তার শিশুকে মৃত ঘোষনা করেন। এদিকে মোটরসাইকেল চালক হক সাহেব নিজেকে বিড়ি ব্যাবসায়ী ও সাংবাদিক দাবি করে বলেন, হেমায়েতপুর বাজারে বিড়ি বিক্রয় শেষে গাংনীর দিকে আসার সময় হঠাৎ করে শিশুটি মোটরসাইকেলের সামনে চলে আসলে এ দুর্ঘটনার ঘটনা ঘটে। গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মোটর সাইকেল চালককে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। পরবর্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে

গাংনীতে মাদ্রাসার একাডেমিক ভবনের ভিত্তি প্রস্তুর স্থাপন

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি দার্রুছুন্নাহ নেছারিয়া দাখ্রিল মাদ্রাসার চতুর্থ তলা একাডেমিক ভবনের ভিত্তি প্রস্তুর স্থাপন করা হয়েছে।
মাদ্রাসা প্রাঙ্গণে এ ভিত্তি প্রস্তুর স্থাপন করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।

অনুষ্ঠানে জেলা পরিষদ সদস্য ও মাদ্রাসা পরিচালনা পর্ষদের সভাপতি মোহাম্মদ আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাবেক ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক নাজমুল হক, ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, আওয়ামী লীগ নেতা মনিরুজামান আতু, শিক্ষক-শিক্ষার্থীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর ধানখোলা ইউনিয়নকে বিভক্তির দাবিতে আলোচনা সভা

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নকে বিভক্তি করণের দাবিতে আলোচনা সভা ও আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে উপজেলার চিতলা বাজারে ধানখোলা ইউনিয়ন-২ এর সাবেক সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, ধানখোলা ইউনিয়ন-২ এর সাবেক সাধারণ সম্পাদক আব্দুল মান্নান মাষ্টার, উপজেলা যুবলীগের সহ-সভাপতি প্রফেসর সালাউদ্দিন, চিৎলা গ্রাম আওয়ামী লীগের সভাপতি ফজলুল হক সহ ঐ ইউনিয়নের বিভিন্ন গ্রামের জনগণ।

আলোচনা শেষে আব্দুল মান্নান মাষ্টারকে আহবায়ক ও মফিজুল ইসলামকে যুগ্ম আহবায়ক করে ৩১ সদস্য বিশিষ্ট ইউনিয়ন বিভক্তি করণ কমিটি গঠন করা হয়।
আলোচনা সভায় গাড়াডোব, আযান, জুগিন্দা, বাহাগুন্দা, ঢ্যাপা, পাকুড়িয়া, চিৎলা, নিত্যানন্দপুর, কচুইখালি, দিঘলকান্দি, গুচ্ছগ্রাম পাঙ্গাসিপাড়া ও খড়মপুর গ্রাম নিয়ে আলাদা ইউনিয়ন গঠনের লক্ষ্যে আহবায়ক কমিটি গঠন করা হয়।

সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ, বিদায় অনুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার বিদ্যালয় প্রাঙ্গনে দিনব্যাপী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ম্যানেজিং কমিটির সভাপতি আরিফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজ সেবক সহীদ সাদেক হোসেন বাবলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য খাজা মঈন উদ্দিন লিটন, কুতুবপুর ইউনিয়ণ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাবুল ইসলাম। পরে বিদ্যালয়ের প্রধান শাহাবুল ইসলাম এর হাতে ৭১ স্মৃতি পদক তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি সহীদ সাদেক হোসেন বাবলু।

মেহেরপুরে রাতে চুরি হওয়ার ইজিবাইক সকালে পরিত্যক্ত অবস্থায় উদ্ধার

মেহেরপুর শহরের মল্লিকপাড়া থেকে গভীর রাতে একটি ইজিবাইক চুরি হওয়ার পর সকালে সেটি উদ্ধার করা হয়েছে।

জানা গেছে মেহেরপুর শহরের মল্লিক পাড়ার মখদুমের ছেলে খালিদ হোসেন তার বাড়ির সামনে ইজিবাইক রেখে দেয়। গভীর রাতে সেটি চোর চুরি করে নিয়ে চলে যায়। এদিকে সকালে চুরি বিষয়টি টের পেয়ে খোঁজাখুঁজি শুরু করে। পরে সকাল ৯টার দিকে মেহেরপুর শহরে পাবলিক লাইব্রেরির মোড়ে সেটি পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকতে দেখে ইজি একটি বাড়ি নিয়ে আসে।

আরো পড়ুন-পরিকল্পনা মন্ত্রণালয়ে একাধিক পদে চাকরি